গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ।
www.louhajanj.munshiganj.gov.bd

উপজেলা আইন-শৃংখলা কমিটির মে, ২০২৩ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	মোঃ আব্দুল আউয়াল উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ
তারিখ	ঃ	১১ মে, ২০২৩
সময়	ঃ	বেলা ১০.০০ ঘটিকা
স্থান	ঃ	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লৌহজং

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "ক ও খ" দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় বিগত সভার কার্যবিরণীর সিদ্ধান্ত সমূহ পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে তা দৃঢ় করণের প্রস্তাব করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর তিনি অফিসার ইনচার্জ, লৌহজং থানা-কে বর্তমান আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে সার্বিক অপরাধচিত্র সভায় উপস্থাপন করার অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১ ঃ লৌহজং উপজেলার অপরাধ চিত্র (এপ্রিল,২০২২ ও এপ্রিল, ২০২৩) এ সংঘটিত অপরাধ পর্যালোচনা ঃ অফিসার ইনচার্জ, লৌহজং থানা, লৌহজং বিভিন্ন অপরাধের নিম্নরূপ পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন ।

থানার নাম	মাসের নাম	চুরি/ ডাকাতি	দস্যুতা	খুন	রাজনৈতিক সহিংসতা	চাঁদাবাজি	নারী ও শিশু নির্যাতন	বিশেষ ক্ষমতা আইন	নারী অপহরণ	জুয়া পুলিশ	আত্মহত্যা	যৌতুক	মানব পাচার	মাদক	মৎস্য আইন	ধর্ষণ	অন্যান্য	মোট
লৌহজং	এপ্রিল ২০২২	০২	০১	--	--	--	০১	---	০১		--	---	--	০৭	--	--	০৩	১৫
	এপ্রিল ২০২৩	০৩	--	--	--	--	০৯	--	--	--	--	--	--	০৭	--	--	০৭	২৬

সাধারণ আলোচনা ঃ ক) অফিসার ইন-চার্জ, লৌহজং থানা বিবেচ্য মাসের বিভিন্ন অপরাধের চিত্র তুলে ধরেন। দায়েরকৃত মামলার তদন্ত অব্যাহত রয়েছে বলে জানান। তিনি আরো অবহিত করেন যে, মাদক সেবীদের গ্রেফতার করা হচ্ছে। মাদক ব্যবসায়ী ও মাদক সেবীদের ধরার জন্য সর্বোচ্চ চেষ্টা করছেন বলে জানান। সব বাজারে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। মাদকের তথ্য থানায় জানানোর জন্য তিনি অনুরোধ জানান। মাদক নিয়ন্ত্রণ ও আইন-শৃংখলা বজায় রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। বাল্য বিবাহ রোধ করার জন্য সকল বিবাহ নিবন্ধনের উপরে গুরুত্বারোপ করেন। বাল্য বিবাহ রোধে ইউপি চেয়ারম্যানদের সক্রিয় সহযোগিতা কামনা করেন।

সভাপতি জানান যে, মাদক মুক্ত লৌহজং গড়তে হলে মাদক সেবনের আড্ডাগুলো চিহ্নিত করতে হবে এবং আড্ডাগুলো ভেংগে দিতে হবে। মাদক বিক্রেতা ও মাদক সেবীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। সব বাজারে প্রবেশদ্বারসহ সিসি ক্যামেরা স্থাপন ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। যে সকল বাজারে বাজার কমিটি নাই ঐ সকল বাজারে জরুরীভাবে কমিটি গঠন করে বাজারে বিদ্যুৎ ও সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়। বিদ্যুতের ট্রান্সফরমার চুরির বিষয়ে তাৎক্ষনিকভাবে অফিসার ইন-চার্জ, লৌহজং থানাকে অবহিত করার জন্য অনুরোধ জানান। ড্রেজিংয়ের মাধ্যমে কৃষি জমি ভরাট করা অবৈধ। এবিষয়ে ড্রেজিং করে কৃষি জমি ভরাটের বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ব্যবস্থা নিবেন। মাহিন্দ্র চলাচল বন্ধ করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। মাহিন্দ্র চলাচলে মোবাইল কোর্ট পরিচালনা এবং এসব অবৈধ কাজ বন্ধ করতে সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ ক) অপরাধ নিয়ন্ত্রনে রাখার লক্ষ্যে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) আইন শৃংখলা নিয়ন্ত্রনে রাখার লক্ষ্যে পুলিশী টহল বৃদ্ধি ও মাদকের বিরুদ্ধে সাড়াশি অভিযান পরিচালনা করতে হবে।

গ) গোয়ালীমান্দ্রা , খড়িয়ায় ও কনকসার এলাকায় মাদক সমস্যা নিয়ন্ত্রণের জন্য সচেতনতামূলক সভা করতে হবে এবং নিয়মিত অভিযান করে মাদকের হটস্পট ধ্বংস করতে হবে।

ঘ) ড্রেজিংয়ের মাধ্যমে অবৈধভাবে কৃষি জমি ভরাটের কাজ বন্ধ করতে হবে।

ঙ) মাহিন্দ্র চলাচল বন্ধ করতে হবে।

আলোচ্য বিষয় ঃ ২ মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত ঃ এপ্রিল/২০২৩ মাসের মোবাইল কোর্ট পরিচালনার তথ্যাদি নিম্নরুপঃ

মোবাইল কোর্ট	মামলার সংখ্যা	আইনের ধারা	জরিমানা	কারাদন্ড	মন্তব্য
০৬	০৪	মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এর ৫(১) ধারা	নাই	০৪ জনকে ০১ মাস করে বিনাশ্রম কারাদন্ড	

সভা অবহিত হয় যে, দেশীয় প্রজাতির মাছ সুরক্ষার লক্ষ্যে লৌহজং উপজেলার বিভিন্ন জলাভূমিতে চায়না দুয়ারি বা চায়না চাই জাল ব্যবহার নিষিদ্ধ করতে হবে। বর্তমানে জাটকা ধরা হচ্ছে বলে অভিযোগ পাওয়া যায়। ব্রাহ্মনগাঁও, বেজগাঁও সুন্দিসার, নওপাড়া, বেজগাঁও নতুনকান্দি এই সমস্ত স্থানে রাত ০৩:০০ টা হতে ০৫:০০ টার মধ্যে জাটকা বিক্রি করা হয় মর্মে সভা অবহিত হয়। এ সকল স্থানে অভিযান চালাতে হবে। সকল ইউপি চেয়ারম্যানগণকে দায়িত্বের সাথে এসব নিষিদ্ধ কর্মকান্ডের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও জনমত সৃষ্টির জন্য দায়িত্ব পালনের অনুরোধ করা হয়। সভাপতি জানান যে, বাজারে যাতে জাটকা মাছ বিক্রি করতে না পারে এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য প্রত্যেক বাজারের ইজারাদারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সভাকে অবহিত করেন যে, এপ্রিল, ২০২৩ মাসে মোট ০৬ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। তিন হাজার সাতশত পঞ্চাশ মিটার জাল জব্দ করে ধ্বংশ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ জাটকা সংরক্ষণ, মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, দ্রব্যমূল্য নিয়ন্ত্রন, ভেজাল প্রতিরোধ ও মৎস্য সুরক্ষার লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট অভিযানর পরিচালনা করতে হবে।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি)/ , উপজেলা মৎস্য কমকর্তা ও অফিসার ইনচার্জ, লৌহজং থানা, লৌহজং, মুন্সীগঞ্জ।

০৩. মহিলা বিষয়ক কর্মকতা জানান যে, নারী ও শিশু নির্যাতনের বিষয়ে ০২ টি আবেদন পাওয়া গিয়াছে। ০২টি আবেদনই শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। বাল্য বিবাহের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণ সকল সদস্যদেও নিয়ে সভা করবেন। যদি কোন ওয়ার্ডে বাল্য বিবাহ হয় তাহলে সে ওয়ার্ডেও উন্নয়ন বরাদ্দ দেওয়া হবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পর্যায়ে মিটিং করে কার্যবিবরণীতে আনতে হবে। বাল্য বিবাহ সংঘঠিত হবার পরেও ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ মাসে বাল্য বিবাহের কোন তথ্য পাওয়া যায়নি। নিকট আত্নীয় স্বজনদের বাসায় বাল্য বিবাহের কাজ শেষে যখন এলাকায় ফেরৎ আসবে তখন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যেন বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারের গোচরেও আনয়ন এবং আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। সভাপতি বলেন যে, বাল্য বিবাহত বন্ধ করতে হবে।

সন্ধান্ত : বাল্য বিবাহের কুফল সম্পর্কে সকলকে নিয়ে সচেতনতামূলক সভা করবেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এবং আগামী মাস হতে উঠান বৈঠক ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত হবে।

০৪. চেয়ারম্যান খিদিরপাড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, খিদিরপাড়া ইউনিয়ন পরিষদের নিকটবর্তী বাসুনিয়া খালের পাড়ে বিগত ০৩ মাস আগে থেকে ভেকু দিয়ে মাটি অপসারণ করছে। মাটি কাটা বন্ধের জন্য তিনি সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : খিদিরপাড়া ইউনিয়ন পরিষদের নিকটবর্তী বাসুনিয়া খালের পাড়ে মাটি কাটা বন্ধ করতে হবে।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, লৌহজং থানা, লৌহজং, মুন্সীগঞ্জ।

০৫. চেয়ারম্যান বৌলতলী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃংখলা পরিস্থিতি ভাল । চায়না ছাই পেতে মাছের পোনা ধ্বংশ করা হচ্ছে। চায়না ছাইয়ের বিরুদ্ধে অভিযান চালানোর জন্য তিনি অনুরোধ জানান।

০৬. চেয়ারম্যান, লৌহজং তেউটিয়া ইউনিয়ন পরিষদ সভায় জাননন যে, অত্র উপজেলায় আইন শৃংখলা পরিস্থিতি ভাল। নদীর ভাঙন রোধে তড়িৎ ব্যবস্থা নেওয়ায় তিনি মাননীয় সংসদ সদস্য ও উপজেলা নির্বাহী অফিসারের ভূমিকার প্রশংসা করেন।

০৭. চেয়ারম্যান, বেজগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মালিরঅংক বাজারে সড়ক বিভাগের করা ড্রেন কোন কাজে আসছে না। এতে আরো নোংরা আবর্জনা যুক্ত হয়েছে।

০৮. চেয়ারম্যান, কলমা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, কলমা হতে বালিগাঁও রাস্তার মাঝামাঝি জায়গায় ছিনতাইয়ের ঘটনা ঘটে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ কলমা হতে বালিগাঁও রাস্তায় পুলিশী টহলের ব্যস্থা করতে হবে।

০৯. চেয়ারম্যান, কনকসার ইউনিয়ন পরিষদ, লৌহজং সভায় জানান যে, কনকসারে বেদে সম্প্রদায় আছে। তারা মাদক ব্যবসার সাথে জড়িত। মাদক বন্ধ করতে না পারলে অচিরেই কনকসার এবং নাগেরহাট এলাকার আইন-শৃংখলার অবনতি হবে। তিনি আরো জানান যে, কৃষি জমিতে মাটি ভরাটের বিষয়ে এলাকায় মাইকিং করলে অনেকাংশে কমে যাবে। তাছাড়া খালের পাড়ে অনুমতি ছাড়া কোন স্থাপনা / দখল যাতে করতে না পাওে সেদিকে খেয়াল রাখতে হবে। এলাকায় গভীর রাত পর্যন্ত গান-বাজনা করে এমত্র গান বাজনা বন্ধ করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : এলাকায় গভীর রাত পর্যন্ত গান বাজনা বন্ধে অফিসার ইনচার্জ, লৌহজং থানা ব্যবস্থা নিবেন। খালের পাড়ের জায়গা দখল/ কোন ধরনের স্থাপনা করতে দেওয়া যাবেনা।

১০. জনাব মোঃ জিল্লুর রহমান, সাংবাদিক সভায় জানান যে, লৌহজং হাসপাতালের কিছু কিছু অনিয়মের কারণে মানুষ সেবা থেকে বঞ্চিত হচ্ছে। মেয়াদ উত্তীর্ণ স্যালাইন পুষ করার বিষয় উল্লেখ করে তিনি জানান, এ সমস্ত বিষয়ে সচেতনতা বাড়ানোর জন্য তিনি সভায় অনুরোধ জানান। নওপাড়া শশ্মান/ হরিসভার জায়গায় জনৈক বাবুল দাস নামে এক ব্যক্তি নিজ স্বার্থ চরিতার্থ করতে হিন্দু- মুসলমান একত্রিত করে মানব বন্ধনের চেষ্টা করছে। এসব অপপ্রয়াস বন্ধের জন্য অনুরোধ জানান। মাওয়া শিমুলিয়া ঘাটে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিয়ম মাফিক নোটিশ দিয়ে উচ্ছেদ কার্যক্রম গ্রহণের জন্য ও তিনি অনুরোধ জানান।

সভাপতি জানান যে, হাসপাতালের কমিটির সভা আগামী ২/১ সপ্তাহের মধ্যে এমপি মহোদয়ের অনুমতি নিয়ে করা হবে। মেয়াদ উত্তীর্ণ স্যালাইন পুস করার বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কে তদন্ত করে দায়ী ব্যক্তির বিরুদ্ধে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখার জন্য হাসপাতালে আইপিএস সরবরাহ করা হবে বলে তিনি জানান। প্রত্যেক ইউপি চেয়ারম্যানগণ নিজ নিজ এলাকার আইন-শৃংখলা যাতে অবনতি না ঘটে সেদিকে খেয়াল রাখার জন্য পরামর্শ দেন। পাশাপাশি এলাকায় মাদক ও জুয়া খেলা যাতে করতে না পারে সেদিকেও সজাগ দৃষ্টি রাখার পরামর্শ দেন।

১১. ডিজিএম, পল্লী বিদ্যুৎ, লৌহজং সভায় জানান যে, গরমের তীব্রতার কারণে লোডসেডিং হচ্ছে। সকলকে দৈর্য্যের পরিচয় দেয়ায় তিনি ধন্যবাদ জানান। গতমাস থেকে আবার ট্রান্সফরমার চুরি শুরু হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, অনেক জায়গায় লাইন দেওয়া হয়েছে কিন্তু মিটার দেওয়া হয়নাই। এ বিষয়ে ডিজিএম, পল্লী বিদ্যুৎ জানান যে, মিটার স্বল্পতার কারনে দেওয়া সম্ভব হচ্ছে না। মিটারের টেন্ডার হয়েছে। আগামী কিছু দিনের মধ্যে এ সমস্যার সমাধান হবে বলে জানান।

১২. জনাব ওসমান গণী তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং জানান যে, মাদক বিক্রেতা ও মাদক সেবীদের তালিকা করতে হবে। নিরপেক্ষভাবে প্রমানসহ তালিকা করার জন্য তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে অনুরোধ জানান। এতে অনেক মাদকসেবী মাদক সেবনে নিরুৎসাহীত হবেন বলে মত প্রকাশ করেন। কর্মসংস্থানের ব্যবস্থা না থাকায় বেকার লোকজন মাদকের ব্যবসা করছে। সভাপতি জানান যে, ০৩ ফসলি জমিতে সব ধরণের উন্নয়ন কাজ সরকারিভাবে নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে। ইউপি চেয়ারম্যানগণ এই বিষয়ে খেয়াল রাখবেন এবং অবহিত করবেন। অচিরেই খাল খনন শুরু হবে। কোন খালে অবৈধ দখলদার থাকলে সংশ্লিষ্ট চেয়ারম্যান অবৈধ দখলদারকে সরিয়ে দেয়ার ব্যবস্থা করবেন। খালের মাটি স্কুল/ কলেজকে দেওয়ার জন্য তিনি অনুরোধ জানান। যার যার অবস্থান থেকে জাটকা অভিযান সফল করার জন্য সহযোগিতা কামনা করেন। চুরি রোধকল্পে লৌহজং উপজেলার সকল বাজারে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে বাজার কমিটির মাধ্যমে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। বাজার কমিটি সিসি ক্যামেরা স্থাপনে অগ্রহী না হলে চেয়ারম্যানগণ নতুন কমিটি গঠনের উদ্যোগ নিবেন। সকল বাজারে নিজস্ব পাহারাদার বসাতে হবে। বাজার এলাকায় পুলিশি টহল বৃদ্ধি করতে হবে। ডিজিএম, পল্লী বিদ্যুৎ, লৌহজং, মুন্সীগঞ্জকে পল্লী বিদ্যুতের ভূতাপেক্ষিক বিলের বিষয়ে সতর্ক থাকতে হবে। ড্রেজার দ্বারা ড্রেজিং অনেকাংশে কমেছে। সভাপতি জানান যে, ব্রীজের পাশে কয়েকটি ড্রেজার দাড়ানো থাকে, সুযোগ পেলেই ড্রেজিং করে। ড্রেজিং শুরু করা মাএই আটক করার জন্য কোস্টগার্ডকে অনুরোধ জানান। পাশাপাশি নৌ-পুলিশকে সহযোতির জন্য অনুরোধ জানান।

তিনি আরো জানান যে, গ্রাম আদালতে মামলার সংখ্যা বাড়াতে হবে। শালিস বিচার কার্যক্রমের অংশ। শালিস গ্রামে না করে ইউনিয়ন পরিষদের এজলাসে বসে করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। এবং মামলায় কোন পক্ষ পর পর ০৩ বার অনুপস্থিত থাকলে একতরফা সিদ্ধান্ত দিয়ে উর্দ্ধতন অফিসকে অবহিত করার জন্য তিনি অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

	সিদ্ধান্তসমূহ ঃ	বাস্তবায়নে
১)	গোয়ালীমান্দ্রা ও খড়িয়া এলাকায় মাদক বিরোধী সচেতনতা মূলক সভা ও অভিযান পরিচালনা করতে হবে।	অফিসার-ইন-চার্জ, লৌহজং থানা / চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
২)	ইভটিজিং প্রতিরোধের বিষয়ে পুলিশী টহল জোরদার করতে হবে।	অফিসার-ইন-চার্জ, লৌহজং থানা /ইউপি চেয়ারম্যান(সকল)
৩)	চিহ্নিত মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার-ইন-চার্জ, লৌহজং থানা / চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
৪)	নদীতে যাতে জাটকা মাছ ধরতে না পারে এবং জাটকা বিক্রি করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ/ অফিসার ইন-চার্জ, লৌহজং থানা, লৌহজং, মুন্সীগঞ্জ।
৫)	পদ্মা নদীতে বালু কাটা হয় কিনা তা নিয়মিত দৃষ্টি রাখার ব্যবস্থা করবে নৌ পুলিশ ও কোষ্টগার্ড।	১। কন্টিনজেন কমান্ডার, কোষ্টগার্ড ২। ইন চার্জ, মাওয়া নৌ পুলিশ ফাড়ি

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অত্র উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানিয়ে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/৫/২৬

(মোঃ আব্দুল আউয়াল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা রক্ষা কমিটি
লৌহজং, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ০৫.৩০.৫৯৪৪.০০২.০০.০৩২.২২-২৭৫(৪০) তারিখঃ ১১ মে, ২০২৩

অনুলিপি : সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জনাব সাগুফতা ইয়াসমিন এমিলি, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-২এবং উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা রক্ষা কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৩। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃংখলা কমিটি, লৌহজং, মুন্সীগঞ্জ।
৬। উপজেলা..অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ।
৭। চেয়ারম্যান, ... (সকল) ইউ.পি, লৌহজং, মুন্সীগঞ্জ।
৮। জনাব .... লৌহজং, মুন্সীগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সীগঞ্জ